# এশিয়া-৩

**শাহরিয়ার নেওয়াজ**



- স্ট্যাচু অব পিস কনফিউশন

- Statue of Peace - সিউলে অবস্থিত।



# Peace Statue

- দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের নাগাসাকিতে পারমাণবিক বোমার বিস্ফোরণে নিহতদের স্মরণে একটি শান্তি পার্ক স্থাপন করা হয়। 'পিস স্ট্যাচু' এই পার্কে অবস্থিত।



# মধ্য প্রাচ্য


ARMENIA
AZERBAIJAN
(ASIAN)
TURKEY
TURKMENISTAN
CYPRUS
SYRIA
LEBANON
IRAQ
IRAN
ISRAEL
PAL.
JORDAN
Sinai
Peninsula
(EGYPT)
KUWAIT
BAHRAIN
QATAR
U.A.E.
SAUDI
ARABIA
OMAN
YEMEN

- ইরাক
- ইরান
- কুয়েত
- কাতার
- জর্ডান
- ইয়েমেন
- ইসরাইল
- ওমান
- সৌদি আরব
- সংযুক্ত আরব আমিরাত
- তুরস্ক
- সিরিয়া
- লেবানন
- ফিলিস্তিন

Middle East




Gulf

bay

## GCC - Gulf Cooperation Council

### ৬ টি দেশ

সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ওমান, কাতার, কুয়েত, বাহরাইন



# GCC - Gulf Cooperation Council

- সদর দপ্তর – রিয়াদ, সৌদি আরব





# পারস্য উপসাগরীয় দেশ

GCC ভুক্ত ৬টি দেশ + ইরাক, ইরান



# আরব উপদ্বীপ

GCC ভুক্ত
৬টি দেশ +
ইয়েমেন





20°W
0°
20°E
40°E
60°E
80°E
40° N
20° N
ATLANTIC OCEAN
FRANCE
UKRAINE
KAZAKHSTAN
ROMANIA
RUSSIA
Aral Sea
GEORGIA
Black Sea
Caspian Sea
ITALY
BULGARIA
UZBEKISTAN
SPAIN
PORTUGAL
GREECE
TURKEY
PONTIC MTS.
ARMENIA
TURKMENISTAN
TAJIK.
CHINA
TAURUS MTS.
AZERBAIJAN
ELBURZ MTS.
HINDU KUSH
Qolleh-ye Damavand
TUNISIA
Mediterranean Sea
CYPRUS
SYRIA
Tigris R.
AFGHANISTAN
MOROCCO
ATLAS MTS.
LEBANON
Euphrates R.
IRAN
ISRAEL
IRAQ
ZAGROS MTS.
JORDAN
ALGERIA
PAKISTAN
LIBYA
Nile R.
KUWAIT
Persian Gulf
INDIA
BAHRAIN
WESTERN SAHARA
EGYPT
Gulf of Oman
SAUDI ARABIA
QATAR
Red Sea
UNITED ARAB EMIRATES
MAURITANIA
OMAN
Arabian Sea
MALI
NIGER
CHAD
ERITREA
YEMEN
SUDAN
Socotra I. (YEMEN)
Gulf of Aden
DJIBOUTI
INDIAN OCEAN
ETHIOPIA
SOUTH SUDAN
CENTRAL AFRICAN REPUBLIC
SOMALIA
Scale is true only on the equator

# হরমুজ প্রণালী

যুক্ত করেছে: পারস্য উপসাগর + ওমান উপসাগর

বিভক্ত করেছে: আরব আমিরাত - ইরান



# মধ্য প্রাচ্যের প্রাচীন সভ্যতা

# মেসোপটেমিয় সভ্যতা

অবস্থান: ইরাক, ইরান, সিরিয়া, তুরস্ক ও কুয়েতের কিছু অংশ



# মেসোপটেমিয় সভ্যতা

- ৫০০০ খ্রিস্টপূর্ব
- গ্রীক শব্দ মেসোপটেমিয়া
- যার অর্থ **দুই নদীর মধ্যবর্তী ভূমি**



# মেসোপটেমিয় সভ্যতা

অবস্থান - টাইগ্রিস (দজলা) ও ইউফ্রেটিস (ফোরাত) নদীর তীরবর্তী অঞ্চল।



# মেসোপটেমিয় সভ্যতা

- সবচেয়ে প্রাচীন সভ্যতা।
- সেচ নির্ভর সভ্যতা।



মেসোপটেমিয় সভ্যতার ৪ টি পর্যায়

- সুমেরীয়
- ব্যাবিলনীয়
- এসিরিয়
- ক্যালডিয়

# সুমেরীয় সভ্যতা

- মেসোপটেমিয়ার সবচেয়ে প্রাচীন সভ্যতা (খ্রীস্টপূর্ব ৪০০০ অব্দ)

অবস্থান: ইরাক



# সুমেরীয় সভ্যতার অবদান

- কিউনিফর্ম (লিখন পদ্ধতি/অক্ষর ভিত্তিক বর্ণলিপি, V এর মত)
- চাকা আবিষ্কার
- জলঘড়ি আবিষ্কার
- চন্দ্রপঞ্জিকা আবিষ্কার
- পৃথিবীর প্রথম আইন Code of Ur-Nammu রচিত হয়।



# Code of Ur-Nammu



# ব্যাবিলনীয় সভ্যতা

- অবস্থান – ইরাক
- সিরিয়ার মরুভূমি অঞ্চলের অ্যামোরাইট জাতি ২০৫০ খ্রিস্টপূর্বে এই সভ্যতা গড়ে তুলেছিল।



# ব্যাবিলনীয় সভ্যতা

- অবস্থান - ইরাক
- প্রথম লিখিত আইন প্রণয়ন হয়।



- ব্যাবিলনীয় সভ্যতার সবচেয়ে বড় অবদান আইনের ক্ষেত্রে। এই সভ্যতায় প্রথম লিখিত আইন (Code of Hammurabi) প্রণয়ন হয়।
- বিখ্যাত আইন সংকলক - হাম্মুরাবি




IF A MAN DESTROYS THE
EYE OF ANOTHER MAN,
THEY SHALL DESTROY
HIS EYE
HAMMURABI
PICTURE QUOTES.com
PICTUREQUOTES


The first duty of government is to protect the powerless from the powerful.
Hammurabi
WWW.STOREMYPIC.COM

পৃথিবীর প্রাচীনতম মানচিত্রটিও ব্যাবিলনীয় সভ্যতার।



# গিলগামেশ

- কিউনিফর্ম লিপিতে লেখা মহাকাব্য।
- যদিও এটির রচনা শুরু হয় সুমেরীয় সভ্যতায়, মূল গল্পগুলোকে অনুবাদ, সংকলন এবং প্রচারিত করার মাধ্যমে গিলগামেশ মহাকাব্যকে সমৃদ্ধ ও স্থায়ী করেছে ব্যবিলনীয় সভ্যতার মানুষরা।



# এসিরিয় সভ্যতা

- টাইগ্রিসে তীরে গড়ে উঠেছিল।
- আশুর নামের শহর ছিল এই সভ্যতায়।
- সামরিক রাষ্ট্র হিসেবে পরিচিতি ছিল। (প্রথম লোহার অস্ত্র ব্যবহার হয় এই সভ্যতায়)



# এসিরিয় সভ্যতা

- বৃত্তকে প্রথম ৩৬০ ডিগ্রী তে ভাগ করে।
- প্রথম অক্ষাংশ ও দ্রাঘিমাংশে ভাগ করে।
- ব্রোঞ্জের ভাস্কর্য তৈরি করে।



# ক্যালডিয়



- নতুন ব্যাবলনীয় সভ্যতা বলা হয়।
- সপ্তাহকে ৭ দিনে ভাগ করে
- দিনকে ১২ জোড়া ঘন্টায় ভাগ করে।
- ১২ টি নক্ষত্রের সন্ধান পান ক্যালডিয়রা যা থেকে ১২ টি রাশিচক্রের সৃষ্টি হয়।

- সম্রাট নেবুচাদনেজারের সম্রাজ্ঞী বাগান করতে পছন্দ করতেন । তাঁরই উৎসাহে সম্রাট নগর দেওয়ালের উপর তৈরি করলেন আশ্চর্য সুন্দর এক বাগান। ইতিহাসে যা 'ঝুলন্ত উদ্যান' নামে পরিচিত। 'ব্যাবিলনের ঝুলন্ত উদ্যান' [The Hanging Garden of Babylon] প্রাচীন পৃথিবীর সপ্তাশ্চর্যের একটি।



# ফিনিশীয় সভ্যতা

- অবস্থান: লেবানন
- ধ্রুবতারা দেখে দিক নির্ণয় করত।
- জাহাজ নির্মাতা হিসেবে পরিচিত ছিল।



- বর্ণমালা উদ্ভাবন
- ২২ টি ব্যাঞ্জনবর্ণ উদ্ভাবন করে।
- আধুনিক বর্ণমালার সূচনা হয়।



# পারস্য সভ্যতা

- আজকের ইরান প্রাচীনকালে পারস্য নামে পরিচিত ছিল। খ্রিস্টপূর্ব ২০০০ অব্দ থেকে ৬০০ অব্দের মধ্যে এখানে আর্যরা এক উন্নত সভ্যতা গড়ে তোলে।



# পারস্য সভ্যতা

- সভ্যতার ইতিহাসে দুইটি ক্ষেত্রে পারসীয়দের অবদান ছিল গুরুত্বপূর্ণ। প্রথমটি সুষ্ঠ ও দক্ষ প্রশাসন ব্যবস্থা গড়ে তোলা এবং দ্বিতীয়টি ধর্মীয় ক্ষেত্রে নতুন ধারণা নিয়ে আসা।
- জরথুষ্ট্র নামে পারস্যে এক ধর্মগুরু ও দার্শনিকের আবির্ভাব ঘটে। জরথুষ্ট্র কর্তৃক প্রবর্তিত ধর্ম 'জরথুষ্ট্র' নামে পরিচিত। পারস্যের ইতিহাসে কাইরাস ও দারিয়ুস ছিলেন সবচেয়ে সফল শাসক। ৩০০ খ্রিষ্টপূর্বাব্দে গ্রিক বীর আলেকজান্ডার অধিকার করে নেন সমগ্র পারস্য সাম্রাজ্যকে।



# হিব্রু সভ্যতা

- প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে হিব্রু সভ্যতার বিকাশ ঘটেছিল। হিব্রু কোন জাতির নাম নয়। 'হিব্রু' একটি ভাষা। এ ভাষায় কথা বলা লোকেরাই হিব্রু নামে পরিচিত।
- হিব্রুদের আদিবাস ছিল আরব মরুভূমিতে। বর্তমান ইসরাইলের অধিবাসীরা হিব্রুদের বংশধর। হিব্রুরা সর্বপ্রথম একেশ্বরবাদের কথা ব্যাপকভাবে প্রচার করে।

# Question time

মেসোপটেমিয়া অর্থ কী?

দুই নদীর মধ্যবর্তী অঞ্চল

- **আরব বসন্ত:**

২০১০ সাল থেকে আরবের বিভিন্ন দেশে গণতন্ত্রপন্থীদের যে গণজাগরণের সৃষ্টি হয়েছিল তাকে আরব বসন্ত বলে

---

**শুরু হয় তিউনিশিয়াতে ১৮ ডিসেম্বর ২০১০**

স্বৈরাচারী শাসক বেন আলীর দুঃশাসনের ফলে সেই দেশে বেকারত্বের হার ব্যাপক হারে বৃদ্ধি পায়। এর প্রতিবাদে **মোহাম্মদ বোয়াজিজি নামের** এক যুবক প্রকাশ্য রাস্তায় নিজের শরীরে আগুন দিয়ে আত্মহুতি দেয়।

# ফিলিস্তিন সংকট

- মধ্যপ্রাচ্য নিয়ে রাজনীতি চলছে প্রাচীনকাল থেকেই। ত
- বে আজকের মধ্যপ্রাচ্য সংকটের সূর্যোদয় হয়েছিলো ১৯১৬ সালের ১৬ মে, যেদিন 'সাইকস-পিকট চুক্তি' কার্যকর হয়েছিল।



- সাইকস-পিকট চুক্তি (Sykes-Picot Agreement) একটি গোপন চুক্তি যা ১৯১৬ সালের মে মাসে ব্রিটেন ও ফ্রান্সের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল।
- এই চুক্তির মাধ্যমে প্রথম বিশ্বযুদ্ধের পর ওসমানীয় সাম্রাজ্য (Ottoman Empire) এর বিশাল ভূখণ্ডের ভাগ-বাটোয়ারা করা হয়।
- ব্রিটেন চুক্তি অনুযায়ী, প্যালেস্টাইন (বর্তমানে ইসরাইল ও ফিলিস্তিন) এবং ফিলিস্তিনের কিছু অংশ নিয়ন্ত্রণ করার অধিকার লাভ করে।

# ফিলিস্তিন সংকট

- ১৯১৭ সনে বৃটেনের জেরুজালেম দখল করা পর্যন্ত ফিলিস্তিন ছিল অটোম্যান সাম্রাজ্যের (Ottoman Empire) একটি প্রদেশ।
- ১০০ বছরেরও বেশি সময় আগে ১৯১৭ সালের ২ নভেম্বর বিটেনের তৎকালীন পররাষ্ট্র সচিব আর্থার বেলফোর ব্রিটিশ ইহুদি সম্প্রদায়ের একজন সদস্য লিওনেল ওয়াল্টার রথচাইল্ডকে সম্বোধন করে একটি চিঠি লিখেছিলেন। চিঠিটি ছিল মাত্র ৬৭ শব্দের। কিন্তু এর তাৎপর্য এত বেশি তা এখনো ধারণ করতে হচ্ছে পৃথিবীকে।



- এই চিঠিতে ব্রিটিশ সরকারকে ‘ইহুদি জনগণের জন্য ফিলিস্তিনে একটি জাতীয় বাসস্থান প্রতিষ্ঠা’ ও তার ‘অর্জন’ সহজতর করার কথা উল্লেখ ছিল। আর এই চিঠিটিই বেলফোর ঘোষণা নামে পরিচিত। সেসময় ফিলিস্তিনে আরব স্থানীয় জনসংখ্যা ছিল ৯০ শতাংশেরও বেশি।
- ফিলিস্তিনিদের রাষ্ট্র গঠনের লক্ষ্যে একটি ব্রিটিশ আদেশপত্র অথবা ম্যান্ডেট ১৯২৩ সালে তৈরি করা হয়েছিল। স্থায়ী হয়েছিল ১৯৪৮ সাল পর্যন্ত। এ সময় ইহুদি অভিবাসনকে ব্যাপকভাবে সহায়তা করেছিল ব্রিটিশরা। ইউরোপে নাৎসিবাদের অত্যাচার থেকে পালাতেও অনেকে ফিলিস্তিনে আশ্রয় নিয়েছিল।



Foreign Office,
November 2nd, 1917.

Dear Lord Rothschild,

I have much pleasure in conveying to you, on behalf of His Majesty's Government, the following declaration of sympathy with Jewish Zionist aspirations which has been submitted to, and approved by, the Cabinet

"His Majesty's Government view with favour the establishment in Palestine of a national home for the Jewish people, and will use their best endeavours to facilitate the achievement of this object, it being clearly understood that nothing shall be done which may prejudice the civil and religious rights of existing non-Jewish communities in Palestine, or the rights and political status enjoyed by Jews in any other country"

I should be grateful if you would bring this declaration to the knowledge of the Zionist Federation.

- ১৯৪৭ সালের মধ্যে ফিলিস্তিনে ইহুদি জনসংখ্যা ৩৩ শতাংসে পৌঁছে। সে সময় তারা ৬ শতাংশ জমির মালিক ছিল। ফিলিস্তিনকে আরব ও ইহুদি রাষ্ট্রে বিভক্ত করতে জাতিসংঘে ১৮১ প্রস্তাব গৃহীত হয়।
- ফিলিস্তিনিরা এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছিল সে সময়। কারণ প্রস্তাবটিতে ফিলিস্তিনের প্রায় ৫৬ শতাংস ইহুদিদের জন্য বরাদ্দ ছিল। যার মধ্যে বেশির ভাগ উর্বর উপকূলীয় অঞ্চলও অন্তর্ভুক্ত ছিল। সে সময় দেশটির ৯৪ শতাংশের মালিক ছিল ফিলিস্তিনিরা। আর জনসংখ্যা ছিল ৬৭ শতাংশ।


Jewish Settlements
Palestinian Land
Jerusalem
PALESTINE
1947
Israeli Land
Palestinian Land
PALESTINE
Jerusalem
(UN admin.)
ISRAEL
Partition Plan, 1947
Israeli Land
Palestinian Land
PALESTINE
ISRAEL
1949-1967
Israeli & Occupied Land
Palestinian Land
ISRAEL
Present

# আরব ও ইসরাইলের চারটি যুদ্ধ

- প্রথম যুদ্ধ (১৯৪৮)
- জেরুজালেমে UNTSO নামক শান্তিরক্ষী মিশন প্রেরণ।
- ফলাফল-আরবরা পরাজিত হয়।

# আরব ও ইসরাইলের চারটি যুদ্ধ

- দ্বিতীয় যুদ্ধ (১৯৫৬)
- কারণ- ইসরাইলের সুয়েজ খাল দখলের চেষ্টা।

# আরব ও ইসরাইলের চারটি যুদ্ধ

- তৃতীয় যুদ্ধ (১৯৬৭)
- কারণ- ইসরাইল কর্তৃক জরুজালেমের আল আকসা মসজিদে আগুন।
- যুদ্ধের মেয়াদ ৬ দিন (০৫-১০ জুন, ১৯৬৭)

# আরব ও ইসরাইলের চারটি যুদ্ধ

- চতুর্থ যুদ্ধ/ইয়ম কিপুর যুদ্ধ (১৯৭৩-১৯৭৮)
- কারণ- মিশর কর্তৃক সিনাই পুনর্দখলের চেষ্টা।
- আরবরা 'তেল অস্ত্র' (তেল অবরোধ-১৯৭৩) ব্যবহার করে এবং ১৯৭৮ সালের 'ক্যাম্প ডেভিড চুক্তি'র মাধ্যমে যুদ্ধের সমাপ্তি।

# ফিলিস্তিন

- রাজধানী- রামাল্লাহ্।
- স্বাধীন ফিলিস্তিন স্বীকৃতি দানকারী প্রথম দেশ— আলজেরিয়া ১৯৮৮ সালে।
- ফিলিস্তিন দু'ভাগে বিভক্ত। পশ্চিম তীর ও গাজা। পশ্চিম তীর শাসন করে ফাতাহ ও গাজা শাসন করে হামাস।


তেল আবিব
জাফা
লড
পশ্চিম তীর
আশডড
আশকেলন
এসডারট
গাজা সিটি
গাজা
বীরশেবা
ইসরায়েল
20km
ফিলিস্তিনি এলাকা
Google

## ইন্তিফাদা (ফিলিস্তিন গণজাগরণ-বিদ্রোহ/ইসরায়েলি দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনি গণজাগরণ)

- পশ্চিম তীর ও গাজায় ইসরায়েলি দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনে প্রথম ইন্তিফাদার সূচনা ঘটে ১৯৮৭ সালে। ১৯৯৩ সালে অসলো চুক্তির মাধ্যমে এর সমাপ্তি ঘটে।

- ২য় ইন্তিফাদা চলে ২০০০-২০০৫ পর্যন্ত এবং ২০১৭ সালের ৬ ডিসেম্বর ইসরাইল জেরুজালেমকে রাজধানী ঘোষণা করলে হামাস ৩য় ইন্তিফাদার ডাক দেয় ১২ ডিসেম্বর, ২০১৭ সালে (বর্তমানে ৩য় ইন্তিফাদা চলমান)।

# PLO-Palestine Liberation Organization

- স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার উদ্দেশ্যে এটি প্রতিষ্ঠা করা হয় ১৯৬৪ সালে।
- ইয়াসির আরাফাত ১৯৬৯ সালে PLO এর চেয়ারম্যান নিযুক্ত হন।
- সদর দপ্তর: ওরিয়েন্ট হাউস, রামাল্লা, পশ্চিম তীর।
- ইয়াসির আরাফাত মিসরের কায়রোতে জন্মগ্রহণ করেন, ফ্রান্সের প্যারিসে মৃত্যুবরণ ও সমাহিত করা হয় রামাল্লায়। PLO'র বর্তমান প্রধান মাহমুদ আব্বাস আবু মাজেন নামে পরিচিত।

- ইসলামি বিপ্লবের মাধ্যমে পতন হয়; পাহলভী বংশের শেষ শাহ মুহাম্মদ রেজা শাহ পাহলভী'র পতন এবং রাজতন্ত্রের পতন ঘটে।
- ইসলামি বিপ্লব/ইরানি বিপ্লব: ১৯৭৯ সালে, ইরানে ইসলামি বিপ্লব হয়। এ বিপ্লবকে ফরাসি এবং বলশেভিক বিপ্লবের পর ইতিহাসের তৃতীয় মহান বিপ্লব বলা হয়।

# ইরান

- শিয়াপন্থি মুসলিম প্রধান দেশ
- ইরানের পূর্ব নাম: পার্সিয়া বা পারস্য।
- পারস্য নাম পরিবর্তন করে ইরান নামকরণ করা হয়: ১৯৩৫ সালে।

- রুহুল্লাহ খোমেনী (আয়াতুল্লাহ খোমেনী নামে পরিচিত): ১৯৭৯ সালের ইসলামি বিপ্লবের মাধ্যমে ইরানের সর্বশেষ শাহ মোহাম্মদ রেজা পাহলভীকে ক্ষমতাচ্যুত করে ইসলামি প্রজাতন্ত্রী ইরান প্রতিষ্ঠা করেন।
- ইসলামি প্রজাতন্ত্রের সংবিধান মোতাবেক জাতির সর্বোচ্চ ধর্মীয় ও রাজনৈতিক কর্তৃত্ব বহনকারী সর্বোচ্চ নেতার পদে অধিষ্ঠিত হন এবং আমৃত্যু এই দায়িত্ব পালন করেন (তিনি ৩ জুন, ১৯৮৯ মৃত্যুবরণ করেন)। ৪ জুন, ১৯৮৯ সালে আয়াতুল্লাহ আলী খামেনেয়ী তার স্থলাভিষিক্ত হন। আয়াতুল্লাহ আলী খামেনেয়ী (আসল নাম: সৈয়দ আলী হোসেনী খামেনেয়ী) বর্তমানে ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা।

# উপসাগরীয় যুদ্ধ/ইরাক-কুয়েত যুদ্ধ (Gulf War)

- ১৯৯০ সালের আগস্ট মাসে ইরাকের তৎকালীন প্রেসিডেন্ট সাদ্দাম হোসেনের নেতৃত্বে ইরাকী সেনাবাহিনী কুয়েত আক্রমণ করে দেশটি দখল করে নেয় এবং ইরাকের ১৯তম প্রদেশ হিসেবে ঘোষণা করে। এই আগ্রাসনের প্রতিবাদে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ ইরাকের বিরুদ্ধে তীব্র নিন্দা জ্ঞাপন করে এবং দেশটির উপর নিষেধাজ্ঞা আরোপ করে।
- মিত্রবাহিনীর হস্তক্ষেপ: ইরাকের আগ্রাসন প্রতিহত করতে এবং কুয়েত মুক্ত করতে ১৯৯১ সালের ফেব্রুয়ারিতে মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে ৩৪টি দেশের একটি মিত্রবাহিনী ইরাক ও কুয়েতে বিমান হামলা শুরু করে। 'Operation Desert Storm' / 'মরুভূমির ঝড়' নামক এই অভিযানে বাংলাদেশও অংশগ্রহণ করে।
- বাংলাদেশের অংশগ্রহণ: ১৯৯১ সালের মার্চ মাসে বাংলাদেশ সেনাবাহিনীর ২২০০ সদস্যের একটি বহিনী মিত্রবাহিনীর অংশ হিসেবে 'Operation Desert Storm'-এ অংশগ্রহণ করে। এটি ছিল জাতিসংঘ মিশনের বাইরে বাংলাদেশ সেনাবাহিনীর বিদেশের মাটিতে প্রথম মোতায়েন। অপারেশন কুয়েত পুনর্গঠন (ওপিকে)-এর আওতায় ২২০০ সৈন্য প্রেরণ করেন তৎকালীন অস্থায়ী রাষ্ট্রপতি শাহাবুদ্দিন আহমেদ।

# উপসাগরীয় যুদ্ধ/ইরাক-কুয়েত যুদ্ধ (Gulf War)

- সময়কাল: ০২ আগস্ট, ১৯৯০-২৮ ফেব্রুয়ারি, ১৯৯১
- বিবাদমান পক্ষ: ইরাক বনাম কুয়েত (আমেরিকা, যুক্তরাজ্য, সৌদি আরব, মিশর, ফ্রান্স, সিরিয়া- কুয়েতকে সমর্থন করে)
- অপারেশন ডেজার্ট শিল্ড: ০২ আগস্ট, ১৯৯০ থেকে ১৭ জানুয়ারি, ১৯৯১ সাল পর্যন্ত
- অপারেশন ডেজার্ট স্টর্ম: ১৭ জানুয়ারি, ১৯৯১ থেকে ২৮ ফেব্রুয়ারি, ১৯৯১ সাল পর্যন্ত


IRAN
IRAQ
KUWAIT
Persian Gulf
SAUDI ARABIA

# ইউরোপ



ICELAND
NORWAY
SWEDEN
FINLAND
RUSSIA
IRELAND
UNITED KINGDOM
BELARUS
POLAND
GERMANY
UKRAINE
BELGIUM
CZECH REPUBLIC
SLOVAKIA
AUSTRIA
HUNGARY
ROMANIA
FRANCE
SWITZERLAND
SERBIA
BULGARIA
ITALY
PORTUGAL
SPAIN
GREECE
TURKEY


Europe
Asia



Ancient Greece : A world in evolution
Phocaea
Gla
Chalcis
Thebes
Ephesus
Corinth
Mycenae
Tiryns
Pylos
Sparta
Halicarnassus
Knossos
-3000
-2000
-1000
0
THE MAP AS HISTORY

# গ্রিক সভ্যতা

- গ্রিসের মহাকবি হোমারের ‘ইলিয়ড' ও 'ওডিসি' মহাকাব্য দুটিতে বর্ণিত চমকপ্রদ কাহিনির মধ্যে লুকিয়ে থাকা সত্যকে খুঁজে বের করার অদম্য ইচ্ছা উৎসাহিত করে তোলে প্রত্নতত্ত্ববিদদের। উনিশ শতকের শেষে হোমারে কাহিনি আর কবিতায় তা সীমাবদ্ধ থাকে না, বেরিয়ে আসে এর ভিতরের সঠিক ইতিহাস।
- ইজিয়ান সাগরের দ্বীপপুঞ্জে এবং এশিয়া মাইনরের পশ্চিম উপকূলে আবিষ্কৃত হয় উন্নত এক প্রাচীন নগর সভ্যতা। সন্ধান মেলে মহাকাব্যের ট্রয় নগরীসহ একশ নগরীর ধ্বংসস্তূপের। যাকে বলা হয় ইজিয়ান সভ্যতা বা প্রাক-ক্লাসিক্যাল গ্রিকসভ্যতা।
- ক্রিট দ্বীপ, গ্রিস উপদ্বীপের মূল ভূখণ্ড, এশিয়া মাইনরের পশ্চিম উপকূলে এবং ইজিয়ান সাগরের ক্ষুদ্র ক্ষুদ্র দ্বীপ নিয়ে গড়ে ওঠে এই সভ্যতা। এই সভ্যতাকে দুইটি ভাগে ভাগ করা হয়েছে।


BOSNIA AND HERZEGOVINA
SERBIA
ROMANIA
MONTENEGRO
KOSOVO
BULGARIA
BLACK SEA
ADRIATIC SEA
NORTH MACEDONIA
ITALY
ALBANIA
GREECE
AEGEAN SEA
TURKEY
Athens
IONIAN SEA
AEGEAN SEA
SEA OF CRETE
MEDITERRANEAN SEA
0 100 200 mi
0 150 300 km
© Encyclopædia Britannica, Inc.


EUROPE
N
W
E
S
Black Sea
Aegean Sea
Asia Minor
TURKEY
ASIA
Mediterranean Sea
© 2012 Encyclopædia Britannica, Inc.

- মিনোয়ান সভ্যতা

- ক্রিট দ্বীপে এই সভ্যতার উদ্ভব। এর স্থায়িত্ব ধরা হয়েছে ৩০০০ থেকে ১৪০০ খ্রিষ্টপূর্ব পর্যন্ত।



- মাইসিনিয় বা ইজিয়ান সভ্যতা
- গ্রিসের মূল ভূখণ্ডে দক্ষিণ অঞ্চলে অবস্থিত মাইসিনি নগরের নাম অনুসারে এর নামকরণ হয়। এই সভ্যতার স্থায়িত্ব ছিল ১৬০০-১১০০ খ্রিষ্টপূর্বাব্দ পর্যন্ত।

## Aegean Civilizations



• ভৌগোলিক অবস্থান ও সময়কাল

• গ্রিস দেশটি আড্রিয়াটিক সাগর, ভূমধ্যসাগর ও ইজিয়ান সাগর দ্বারা পরিবেষ্টিত।



- গ্রিকসভ্যতার সঙ্গে দুইটি সংস্কৃতি জড়িত। একটি 'হেলেনিক' অপরটি 'হেলেনিস্টিক’।
- গ্রিক উপদ্বীপের প্রধান শহর এথেন্সকে ঘিরে গড়ে উঠেছে 'হেলেনিক’ সংস্কৃতি।
- গ্রিক বীর আলেকজান্ডারের নেতৃত্বে মিশরের আলেকজান্দ্রিয়াকে কেন্দ্র করে গ্রিক ও অ-গ্রিক সংস্কৃতির মিশ্রণে জন্ম হয় নতুন এক সংস্কৃতির। ইতিহাসে এ সংস্কৃতি ‘হেলেনিস্টিক সংস্কৃতি' নামে পরিচিত।

- সাহিত্য

- হোমারের ‘ইলিয়াড' ও 'ওডিসি' মহাকাব্য গ্রিক সাহিত্যের অপূর্ব নিদর্শন।
- গ্রিসের শ্রেষ্ঠ নাট্যকার ছিলেন 'সোফোক্লিস'। তিনি একশ'টিরও বেশি নাটক রচনা করেন। তাঁর বিখ্যাত নাটকের মধ্যে- রাজা ইডিপাস, আন্তিগোনে ও ইলেক্ট্রা অন্যতম।

- ধর্ম

- গ্রিকদের বারোটা দেব-দেবী ছিল। বিভিন্ন প্রাকৃতিক শক্তির পূজা ছাড়াও তারা বীরযোদ্ধাদের পূজা করত।

- জিউস ছিল দেবতাদের রাজা।

- 'অ্যাপোলো' ছিল সূর্য দেবতা, পোসিডন ছিল সাগরের দেবতা। বারো জনের মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিলেন এই চারজন।

- ডেলোস দ্বীপে অবস্থিত ডেলফির মন্দিরে বিভিন্ন নগররাষ্ট্রের মানুষ সমবেত হয়ে এক সঙ্গে 'অ্যাপোলো' দেবতার পূজা করত।

- দর্শন

- পৃথিবী কীভাবে সৃষ্টি হয়েছে, প্রতিদিন কীভাবে এর পরিবর্তন ঘটছে- এসব ভাবতে গিয়ে গ্রিসে দর্শন চর্চার সূত্রপাত ঘটে।
- গ্রিক দার্শনিক থ্যালেস প্রথম সূর্যগ্রহণের প্রাকৃতিক কারণ ব্যাখ্যা করেন।
- গ্রিসে যুক্তিবাদী দার্শনিকদের বলা হতো সফিস্ট। তাঁরা বিশ্বাস করতেন যে, চূড়ান্ত সত্য বলে কিছু নেই। পেরিক্লিস তাঁদের অনুসারী ছিলেন।
- সক্রেটিস ছিলেন দার্শনিকদের মধ্যে খ্যাতমান। তার শিক্ষার মূল দিক ছিল আদর্শ রাষ্ট্র ও সং নাগরিক গড়ে তোলা। অন্যায় শাসনের প্রতিবাদ করার শিক্ষাও দেন তিনি।
- সক্রেটিসের শিষ্য ছিলেন প্লেটো, যিনি গ্রিক দর্শনকে চরম উন্নতির দিকে এগিয়ে নিয়ে যেতে সক্ষম হন। প্লেটোর শিষ্য অ্যারিস্টটলও একজন বড় দার্শনিক ছিলেন।

# সত্যের পথে এসো আলেকজান্ডার

## সক্রেটিস-প্লেটো-এরিস্টটল-আলেকজান্ডার



- স্থাপত্য ও ভাস্কর্য

- পার্থেনন মন্দির বা দেবী এথনার মন্দির স্থাপত্য কীর্তির অন্যতম নিদর্শন। এথেন্সের অ্যাক্রোপলিসে স্থাপত্যের সুন্দর নিদর্শনের ভগ্নাবশেষ এখনও চোখে পড়ে।



# রোমান সভ্যতা

- গ্রিসের সভ্যতার অবসানের আগেই ইতালিতে টিবের নদীর তীরে একটি বিশাল সাম্রাজ্য ও সভ্যতা গড়ে ওঠে। রোমকে কেন্দ্র করে গড়ে ওঠা এই সভ্যতা রোমান সভ্যতা নামে পরিচিত। ইতালির পশ্চিমাংশে অবস্থিত ছোট শহর রোমকে কেন্দ্র করে সভ্যতার বিকাশ ঘটেছিল। ইন্দো- ইউরোপীয় গোষ্ঠী একদল মানুষ ২০০০ খ্রিষ্টপূর্বাব্দে উত্তর ইতালিতে বসতি গড়ে তোলে। এদের বলা হত ল্যাটিন। ক্রমে এদের ভাষা ল্যাটিন ভাষা' নামে পরিচিতি পায়। ল্যাটিন রাজা রোমিউলাস একটি নগরীর পত্তন করেন। রাজার নামেই নগরীর নাম হয় রোম।






- দাস শ্রমের উপর নির্ভরশীল ছিল রোমের অর্থনীতি। দাসদের উপর অমানবিক অত্যাচার করা হত। অবশেষে স্পার্টাকাস নামক একজন দাসের নেতৃত্বে সংঘটিত হয় দাস বিদ্রোহ। বিদ্রোহী দাসরা দুইবছর দক্ষিণ ইতালিতে টিকে ছিল। স্পার্টাকাস ৭১ খ্রিষ্টপূর্বাব্দে নিহত হলে দাস বিদ্রোহের অবসান হয়।
- রোমের সবচেয়ে খ্যাতিমান সম্রাট ছিলেন জুলিয়াস সিজার। তিনি ৪৬ খ্রিষ্টপূর্বাব্দে রোমের সম্রাট হন। কিন্তু রোমে ক্ষমতার দ্বন্দ্ব ও ষড়যন্ত্র প্রবল হতে থাকলে ব্রুটাস ও ক্যাসিয়াস নামের দুই অভিজাতের হাতে জুলিয়াস সিজার নিহত হন। এবার গৃহযুদ্ধে জড়িয়ে পড়ে রোম। অবশেষে তিন নেতা একযোগে ক্ষমতায় আসেন। এরা হলেন অক্টেভিয়াস সিজার, মার্ক এন্টনি এবং লেপিডাস। এ তিনজনের একত্র শাসনকে ইতিহাসে 'ত্রয়ী শাসন' বলা হয়। ত্রয়ী শাসন বেশিদিন টেকেনি।

- অক্টেভিয়াস সিজার প্রথমে পরাজিত করেন লেপিডাসকে। এন্টনি মিশরের রাজকন্যা ক্লিওপেট্রাকে বিয়ে করে শক্তি সঞ্চয় করেছিলেন। কিন্তু তিনিও পরাজিত হন অক্টেভিয়াস সিজারের হাতে। এভাবে রোমান সম্রাজ্যের একচ্ছত্র অধিপতি হয়ে অক্টেভিয়াস সিজার অগাস্টাস সিজার উপাধি গ্রহণ করেন।
- অগাস্টাস সিজারের রাজত্বকালের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হলো খ্রিষ্টধর্মের প্রবর্তক যীশুখ্রিষ্টের জন্ম হয়। অগাস্টাস সিজার ১৪ সালে মারা যান। ৪৭৬ খ্রিষ্টাব্দে রোমান সম্রাজ্যের পতন হয়।
- শেষ রোমান সম্রাট ছিলেন ফিচেল রোমিউলাস আগাস্ট্রুলাস।

- প্রাচীন গ্রিসে যে অসংখ্য নগর রাষ্ট্র গড়ে উঠেছিল তার মধ্যে অন্যতম ছিল- স্পার্টা এবং এথেন্স।
- স্পার্টা ও এথেন্স উভয় দেশএকে অন্যের শত্রু ছিল- এথেন্স তার বন্ধু রাষ্ট্রগুলোকে নিয়ে একটি জোট গঠন করে যার নাম- ডেলিয়ান লিগ
- স্পার্টা তার বন্ধু রাষ্ট্রগুলো নিয়ে যে জোট গঠন করে তার নাম- পেলোপনেসীয় লিগ
- এই ২ জোটের মধ্যে যে যুদ্ধ হয় তার নাম— পেলোপনেসীয় যুদ্ধ (খ্রিস্টপূর্ব ৫ম শতকে)-
- প্রাচীন গ্রীসে প্রথম গণতন্ত্রের সূচনা হয়- এথেন্সে
- এথেন্সে চূড়ান্ত গণতন্ত্র প্রতিষ্ঠা করেন— পেরিক্লিস

# Let’s Recap

ইউরোপের কোন দেশের নিয়ন্ত্রনে কোন উপনিবেশ ছিল??

# ইতালির উপনিবেশ

- লিবিয়া ও সোমালিয়া

# ব্রিটেনের উপনিবেশ

- সুদান, দক্ষিণ সুদান, মিসর
- বাল্টিক রাষ্ট্র
- দক্ষিণ এশিয়ার ৮টি দেশ
- মিয়ানমার, ব্রুনাই, মালয়েশিয়া, সিঙ্গাপুর
- গায়ানা

# স্পেনের উপনিবেশ

- ফিলিপাইন

# নেদারল্যান্ডসের উপনিবেশ

- ইন্দোনেশিয়া, সুরিনাম

# পর্তুগালের উপনিবেশ

- পূর্ব তিমুর
- মোজাম্বিক
- ব্রাজিল

# ফ্রান্সের উপনিবেশ

- আলজেরিয়া, তিউনিশিয়া, লেবানন ও সিরিয়া
- লাওস, ভিয়েতনাম ও কম্বোডিয়া

# রাশিয়ার উপনিবেশ

- ফিনল্যান্ড

# ককেশাস অঞ্চল

- কৃষ্ণ সাগর ও কাস্পিয়ান সাগরের মাঝে রাশিয়ার দক্ষিণে মুসলিম অধ্যুষিত অঞ্চলকে ককেশাস অঞ্চল বলে।
- জর্জিয়া, আর্মেনিয়া, আজারবাইজান, চেচনিয়া, দাগেস্তান, আবখাজিয়া, দক্ষিণ ওশেটিয়া ইত্যাদি।



- বাল্টিক রাষ্ট্র
- বলকান রাষ্ট্র
- স্ক্যান্ডিনেভিয়ান রাষ্ট্র
- নর্ডিক রাষ্ট্র






# বাল্টিক রাষ্ট্র



Copyright © BurningCompass.Com. All Rights Reserved


BALTIC SEA
ARCTIC OCEAN
Beaufort Sea
Arctic Circle
Baffin Bay
Barents Sea
Kara Sea
Laptev Sea
East Siberian Sea
Hudson Bay
Labrador Sea
North Sea
Gulf of Alaska
Sea of Okhotsk
Black Sea
Caspian Sea
Sea of Japan
Mediterranean Sea
NORTH ATLANTIC OCEAN
Tropic of Cancer
Gulf of Mexico
East China Sea
Caribbean Sea
Arabian Sea
Bay of Bengal
South China Sea
Philippine Sea
Equator
PACIFIC OCEAN
Coral Sea
SOUTH ATLANTIC OCEAN
Tropic of Capricorn
INDIAN OCEAN
Tasman Sea
Prime Meridian
SOUTHERN OCEAN
Antarctic Circle
Weddell Sea
0 1,500 3,000 Miles
0 1,500 3,000 4,500 Kilometers
Copyright © BurningCompass.Com. All Rights Reserved
Projection - Robinson




capital

ট্যালিন

রিগা

ভিলনিয়াস

# কাউন্সিল অব দ্যা বাল্টিক সি স্টেটস

- ✓Safe and secure region
- ✓Sustainable and prosperous region
- ✓Regional identity.



# কাউন্সিল অব দ্যা বাল্টিক সি স্টেটস

- এস্তোনিয়া
- লিথুয়ানিয়া
- লাটভিয়া
- আইসল্যান্ড
- ডেনমার্ক
- নরওয়ে
- সুইডেন
- ফিনল্যান্ড
- পোল্যান্ড
- জার্মানি



# স্ক্যান্ডিনেভিয়ান দেশ – ৫ টি

1. ডেনমার্ক
2. নরওয়ে
3. ফিনল্যান্ড
4. সুইডেন
5. আইসল্যান্ড




ARCTIC OCEAN
GREENLAND (DEN.)
ICELAND
NORWEGIAN SEA
REYKJAVÍK
NORWAY
UNITED KINGDOM
IRELAND
GERMANY
ATLANTIC OCEAN
© Encyclopædia Britannica, Inc.


ARCTIC OCEAN
NORWEGIAN SEA
FINLAND
SWEDEN
NORWAY
HELSINKI
ESTONIA
RUSSIA
LATVIA
NORTH SEA
DENMARK
BALTIC SEA
LITHUANIA
RUSSIA
UNITED KINGDOM
BELARUS
POLAND
GERMANY
© Encyclopædia Britannica, Inc.

- স্ক্যান্ডিনেভিয়ান দেশ আর নর্ডিক দেশ কি আলাদা?

P2A





NORWAY
SWEDEN
FINLAND
DENMARK
ESTONIA
RUSSIA
LATVIA
LITHUANIA
BELARUS
POLAND
GERMANY
Gulf of Bothnia
Gulf of Finland
Gulf of Riga
Baltic Sea
Skagerrak
Kattegat
Trondheim
Sundsvall
Luleå
Oulu
Vaasa
Oslo
Stavanger
Stockholm
Turku
Helsinki
Tallinn
St. Petersburg
Riga
Copenhagen
Malmö
Kiel
Gdansk
Kaliningrad
Vilnius
Minsk
NORTH
0 50 100 200
Kilometres